

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-১  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

প্রাপ্তি স্বীকারপত্র সহ রেজিস্ট্রী  
ডাক যোগে প্রেরণ

নং-১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪.৪৪০


তারিখঃ ২৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
১২ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩ (২) অনুযায়ী কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় ব্যাখ্যা তলব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনি মোসাঃ কানিজ ফাতিমা, সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ La Trobe University, Australia তে Phd কোর্স সম্পাদন শেষে গত ০১/০৩/২০২১ তারিখ এ বিভাগে যোগদান করার কথা থাকলেও কর্মস্থলে যোগদান করেননি। পরবর্তীতে আপনি কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকায় এ বিভাগের গত ০১/০৯/২০২১ তারিখের নং ১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪.৩১৮ স্মারক পত্রমূলে আপনাকে উক্ত পত্র জারির ১৫ (পনের) দিনের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে উল্লেখ করা হয়। কিন্তু আপনি এ বিভাগের নির্দেশনা মোতাবেক অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি।

০২। আপনি কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ দিন বা ততোধিক সময় কর্তৃপক্ষের পুনঃঅনুমতি ব্যতিরেকে বিদেশে অবস্থান করছেন, যা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) ও ২ (ধ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'সার্ভিস ত্যাগ' সংক্রান্ত অপরাধের পর্যায়ভুক্ত।

০৩। এমতাবস্থায়, আপনাকে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ৩ (২) অনুযায়ী কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ দিন বা ততোধিক সময় কর্তৃপক্ষের পুনঃঅনুমতি ব্যতিরেকে বিদেশে অবস্থান করা সংক্রান্ত বিষয়ে পত্র প্রাপ্তির অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে লিখিত ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
১২/১০/২০২১  
(মোহাম্মদ রহমত আলী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৪৩১।


বেগম মোসাঃ কানিজ ফাতিমা  
সংযুক্ত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।  
স্থায়ী ঠিকানা : প্রযত্নে : মোঃ মোশারফ হোসেন মৃধা  
ডাকঘর : উজিরপুর, থানা : উজিরপুর, জেলা : বরিশাল।  
Email : ad\_jui@yahoo.com

নং-১০.০০.০০০০.১২৫.০৮/৫.০০২.১৪.৪৪০/১(৯)

তারিখঃ ২৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
১২ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, কক্ষ নং ৫০৩, সেগুনবাগিচা, ঢাকা।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
৮. গার্ড ফাইল।
৯. অফিস কপি।

  
১২/১০/২০২১  
(মোহাম্মদ রহমত আলী)  
সিনিয়র সহকারী সচিব